

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৮৮৪

পর্ব-১৯: জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - যুদ্ধাস্ত্রের প্রস্তুতিকরণ

আরবী

وَعَن أنسٍ قَالَ: كَانَتْ قَبِيعَةُ سَيْفِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ فِضَّةٍ. رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاوُد وَالنَّسَائِيّ والدارمي

বাংলা

৩৮৮৪-[২৪] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর তরবারির বাঁটের উপরিভাগে রৌপ্যখচিত ছিল। (তিরমিয়ী, আবু দাউদ, নাসায়ী ও দারিমী)[1]

ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ২৫৮৩, নাসায়ী ৫৩৭৫, তিরমিয়ী ১৬৯১, ইরওয়া ৮২২, দারিমী ২৪৬১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: "রাস্লুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-এর তরবারির বাঁটে রূপা সংযুক্ত ছিল।" নিহায়াহ্-এর গ্রন্থকার বলেন, হাঁহু বলা হয় তরবারির বাঁটের অগ্রভাগকে। কামূস-এর লেখক বলেনঃ তরবারির হাতলের যে অংশে রূপা অথবা লোহা থাকে সে অংশকে হাঁহু বলা হয়। মোটকথা রাস্লুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-এর তরবারির হাতলে রূপা ছিল।

অত্র হাদীস প্রমাণ করে যে, অল্প পরিমাণ রূপা দ্বারা তরবারি সজ্জিত করা বৈধ। তবে স্বর্ণ দ্বারা সজ্জিত করা বৈধ নয়। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন